

Times Today BD

এম এস রহমান | রাজশাহী | 23 June, 2025

পাবনার আতাইকুলায় অভিযান চালিয়ে জাল টাকা সংঘবদ্ধ চক্রের চার সদস্যকে আটক করেছে র্যাব। এ সময় ৫৩ হাজার জাল টাকা ও কিছু নগদ টাকা জব্দ করা হয়েছে। রোববার (২২ জুন) সন্ধ্যায় তাদের আটক করা হয়।

আটককৃতরা হলো-সিরাজগঞ্জের শাহজাদপুর উপজেলার দ্বারিয়াপুর গ্রামের রিকাত শেখের ছেলে সবুজ শেখ (৩২), দ্বারিয়াপুর কান্দাপাড়া গ্রামের মৃত তারা প্রামানিকের ছেলে শাহিদুল প্রামানিক (৪০), জুগ্নিদহ গ্রামের আব্দুর রাজ্জাকের ছেলে আতিক মোল্লা (২৩) ও কাংলাকান্দা গ্রামের সেলিম ফকিরের ছেলে সবুজ ফকির (৩৩)।

সোমবার (২৩ জুন) বিকেলে র্যাব-১২ পাবনার কোম্পানী কমান্ডার ইলিয়াস খান এক প্রেসবিজ্ঞপ্তিতে জানান, র্যাবের একটি অভিযানিক দল গোপন সংবাদের ভিত্তিতে পাবনা সদর উপজেলার আতাইকুলা থানার বৃহস্পতিপুর মাজার বটতলা এলাকায় অভিযান চালায়।

এ সময় সেখানে থাকা সংঘবদ্ধ জাল টাকা চক্রের সক্রিয় চার সদস্যকে আটক করা হয়। তাদের কাছ থেকে জব্দ করা হয় ৫৩ হাজার জাল টাকা, ৩টি বাটন মোবাইল ফোন এবং নগদ ৪ হাজার ৩৯৫ টাকা।

আটককৃতরা র্যাবের প্রাথমিক জিজ্ঞাসাবাদে স্বীকার করে জানিয়েছে, তারা পাবনা সহ বিভিন্ন জেলায় দীর্ঘদিন ধরে সংঘবদ্ধ হয়ে বিভিন্ন হাট-বাজারে জাল টাকা দিয়ে ফলমূল, সবজি ও নিত্য প্রয়োজনীয় পণ্য ক্রয় করে বিক্রেতাদের প্রতারিত করে আসছিল।

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 26 June, 2025 03:12

URL: <https://timestodaybd.com/rajshahi/3598361016>